





তাহলে এখনই এই চারাগুলো রোপণ করি?

ঠিক আছে। আমি আরও কিছু পাত্র নিয়ে আসি।



কেন? আমরা এই পাত্রেই এগুলো রোপণ করতে পারি। এতে এখনও যথেষ্ট জায়গা আছে।

কিন্তু ওরা তাহলে ঠিকমতো বেড়ে উঠবে না। ওদের প্রত্যেকের চাহিদা আলাদা।

তাছাড়া, যদি একটি গাছ নষ্ট হয়, তাহলে বাকিগুলোও নষ্ট হয়ে যাবে। আমাদের প্রত্যেকটি আলাদাভাবে রোপণ করতে হবে।



একদম ঠিক! এই গাছশালাগুলো তোমার জীবনের লক্ষ্যের মতো, প্রতিটির জন্য একটি নির্দিষ্ট সময়সীমা এবং আর্থিক পরিকল্পনা প্রয়োজন। ঠিক যেমন বিভিন্ন গাছের জন্মানোর জন্য বিভিন্ন পাত্রের প্রয়োজন হয়।

সন্তানের জন্ম

বাড়ি

ভ্রমণ

পড়াশোনা

দীর্ঘ সময়




বিভিন্ন লক্ষ্যের জন্য বিভিন্ন পরিকল্পনার প্রয়োজন!

কিন্তু আমরা কীভাবে সঠিক পরিকল্পনাটি বাছবো?



এই গাছগুলির মধ্যে কিছু গাছে নিয়মিত জল এবং সূর্যালোকের প্রয়োজন হয়, আবার কিছু গাছে কম জলের প্রয়োজন হয়। কিছু গাছ দ্রুত বৃদ্ধি পায়, আবার কিছু গাছে ফল ধরতে বছরের পর বছর সময় লাগতে পারে।

একইভাবে, কিছু পরিকল্পনা স্বল্পমেয়াদে নির্দিষ্ট রিটার্ন প্রদান করে। তাৎক্ষণিক লক্ষ্যগুলির জন্য এই ধরনের পরিকল্পনা ব্যবহার করা যেতে পারে।



আবার অন্যান্য কিছু পরিকল্পনাতে দীর্ঘ সময় ধরে নিয়মিত অর্থ জমা করতে হলেও, তারা এককালীন খোক লাভ প্রদান করে।



ঠিক যেমন একটি আমের চারা বেড়ে গাছে পরিণত হয় এবং তাতে অসংখ্য আম জন্মায়!

ভবিষ্যতে এর সুবিধা পেতে আমাদের কেবল এটিকে লাগন করতে হবে।



কিন্তু সবসময়, একটি 'জরুরি পাত্র' কাছাকাছি রাখা উচিত যাতে অপ্রত্যাশিত ক্ষতির ক্ষেত্রে তোমাদের 'গাছপালা' ক্ষতিগ্রস্ত না হয়।




আহ! জরুরি অবস্থার সময় সহায়ক তহবিলের মতো।

তাই, নিজেদের 'স্বল্পগুলি'কে বুদ্ধিমত্তার সঙ্গে লাগন করো, বন্ধু!

এবং ধৈর্যের সাথে নিয়মিত তাদের যত্ন নাও।

শীঘ্রই, আমাদের 'বিনিয়োগ বাগান' পুরোপুরি প্রস্ফুটিত হবে!



তাহলে আমরা সবাই আমাদের 'সমৃদ্ধির বাগানে' ভ্রমণ উপভোগ করতে পারব!

# করণীয়

আয়ান এবং মেহের দ্বিধাগ্রস্ত। উপহার হিসেবে পাওয়া টাকা ব্যবহারের জন্য তাদের কাছে তিনটি বিকল্প আছে, কিন্তু কেবল একটিই তাদের সম্পদ বৃদ্ধি করতে পারে। সঠিক বিকল্পটি বেছে নিতে তাদের সাহায্য করুন।



**বিকল্প 1** ০ যাচাই না করে অনলাইন বা সোশ্যাল মিডিয়া টিপসের উপর ভিত্তি করে বিনিয়োগ।

**বিকল্প 2** ০ টাকাটা এমন একজন আত্মীয়কে দিন যিনি বিনিয়োগ সম্পর্কে কিছু জানেন।

**বিকল্প ৩** ০ SEBI নিবন্ধিত বিনিয়োগ উপদেষ্টার সাহায্যে বিনিয়োগ করুন।



বীরবল আয়ান এবং মেহেরকে আর্থিক পরিকল্পনা এবং বিনিয়োগের ক্ষেত্রে ধাপে ধাপে নির্দেশ দিয়েছেন। কিন্তু, উত্তেজনার বশে, আয়ান এবং মেহের ধাপগুলি এলোমেলো করে ফেলেছে। ধাপগুলি সঠিক ক্রমে রাখতে তাঁদের সাহায্য করুন।

ক. নির্বাচিত স্কিমে অর্থ বিনিয়োগ করুন

খ. নিজের ঝুঁকি গ্রহণের ক্ষমতা মূল্যায়ন করুন

গ. বিনিয়োগের লক্ষ্য চিহ্নিত করুন

ঘ. বিনিয়োগ পরিকল্পনা এবং পদ্ধতি সম্পর্কে তথ্য সংগ্রহ করুন

ঙ. আপন বিনিয়োগের স্বল্পমেয়াদী বা দীর্ঘমেয়াদী সময়সীমা নির্ধারণ করুন।

